Department of Education

# অটিজম স্পেকট্রাম ডিসঅর্ডার (ASD কর্মসূচি)

ASD নেস্ট ও ASD হরাইজন কর্মসূচি হচ্ছে দুইটি আলাদা ডিস্ট্রিক্ট 1-32 স্কুলগুলির দুটি আলাদা কর্মসূচি যা অটিজমযুক্ত শিক্ষার্থীদের প্রদান করা হয়। প্রতিটি কর্মসূচি অ্যাকাডেমিক ও সামাজিক দক্ষতা জোরদারে কাজ করে, তবে এগুলোর যোগ্যতার শর্ত আলাদা এবং ভিন্ন ধরনের ক্লাসের শিক্ষার্থীদের পরিষেবা দেয়। ASD নেস্ট ও ASD হরাইজন কর্মসূচি উভয়ের জন্যই অভিন্ন আবেদন প্রক্রিয়া প্রযোজ্য হয়।

| ASD কর্মসূচির উপরিচিত্র – ASD নেস্ট | ASD কর্মসূচির উপরিচিত্র – ASD হরাইজন |
|---|---|
| **ASD** নেস্ট হলো NYCDOE এবং নিউ ইয়র্ক ইউনিভার্সিটির (NYU) ASD নেস্ট সাপোর্ট প্রজেক্ট এর মধ্যকার একটি পার্টনারশিপ। | ASD হরাইজন কর্মসূচিটি প্রণয়ন করেছে NYCDOE। রিথিংক এড প্লাটফর্ম সল্যুশন সহায়তা ও নির্দেশনা সামগ্রী জোগায়। |
| **শ্রেণিকাঠামো** | **শ্রেণিকাঠামো** |
| ASD নেস্ট কর্মসূচি অটিজমযুক্ত শিক্ষার্থীদের সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের ক্লাসরুমে পরিষেবা দেয়। এই একটি ছোট ইনটিগ্রেটেড কো-টিচিং ক্লাস (ICT), যেখানে একজন স্পেশাল এডুকেশন শিক্ষক ও একজন সাধারণ শিক্ষার শিক্ষক থাকেন। শিক্ষার্থীদের বয়স বাড়ার সঙ্গে সঙ্গে এসব ক্লাসের আকার বৃদ্ধি পায়। এই মডেলে কোনও ক্লাসরুম প্যারাপ্রফেশনাল নেই। | কর্মসূচি স্পেশাল ক্লাসে (SC) অটিজমযুক্ত সর্বোচ্চ আটজন (৪) শিক্ষার্থীকে সেবা দেয়। এই ক্লাসরুমে একজন স্পেশাল এডুকেশ টিচার এবং একজন ক্লাসরুম প্যারাপ্রফেশন্যাল (8:1+1) পরিষেবা দিয়ে থাকে। সাধঅরণ শিক্ষার শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার অপশনকে উৎসাহিত করা হয়। |
| **পাঠক্রম ও নির্দেশনা** | **পাঠক্রম ও নির্দেশনা** |
| ASD নেস্ট প্রোগ্রামের ক্লাসগুলো নিউ ইয়র্ক স্টেটের লার্নিং স্ট্যান্ডার্ড এবং NYC DOE স্কুলগুলোয় ব্যবহৃত পাঠক্রম অনুসরণ করে থাকে। ASD নেস্ট শিক্ষকরা NYU প্রণীত সোশাল ডেভেলপমেন্ট ইন্টারভেনশন (SDI) নামে একটি বিশেষায়িত সামাজিক পাঠক্রমসহ অটিজমযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেয়ায়িত শিক্ষাদান কৌশলে প্রশিক্ষণ লাভ করেন। SDI হলো একটি প্রমাণ-ভিত্তিক কর্মসূচি যা এসএসডি নেস্ট শিক্ষার্থীদের সামাজিক/আবেগগত বিকাশে সহায়তা করে। SDI ক্ষুদ্র গ্রুপে পড়ানো এবং সারাদিন ধরে জোরদার করা হয়। | ASD হরাইজন প্রোগ্রামের ক্লাসগুলো নিউ ইয়র্ক লার্নিং স্ট্যান্ডার্ড এবং NYC DOE স্কুলগুলোয় ব্যবহৃত পাঠক্রম অনুসরণ করে থাকে। ASD হরাইজন শিক্ষকরা অটিজমযুক্ত শিক্ষার্থীদের জন্য বিশেয়ায়িত শিক্ষাদান কৌশলে প্রশিক্ষণ লাভ করেন। রিথিংক এড প্ল্যাটফর্ম সল্যুশন অ্যাপ্লাইড বিহেভিয়র অ্যানালাইসিস (ABA)-এর সূত্রের ভিত্তিএত প্রমাণভিত্তিক নির্দেশনা সমাগ্রীসহ সহায়তা প্রদান করে থাকে। এসব সামগ্রী ASD হরাইজন শিক্ষার্থীদের অ্যাকাডেমিক ও সামাজিক/আবেগগত সহায়তা করে থাকে। |
| **সামাজিক/আবেগজনিত অগ্রগতি** | **সামাজিক/আবেগজনিত অগ্রগতি** |
| রিলেটেড সাস প্রদানকারীরা শিক্ষার্থীদের সামাজিক ক্রিয়া উন্নত করার জন্য SDI ব্যবহার করেন। এই সামাজিক ভাষা পাঠক্রম ছোট ছোট দলে শেখানো হয়। | রিলেটেড সার্ভিস প্রদানকারীরা ASD হরাইজন শিক্ষার্থীদের যোগাযোগ ও সামাজিকতার চ্যালেঞ্জ দূর করতে রিথিংক পাঠ ব্যবহার করে ক্লাসরুম শিক্ষকের সঙ্গে একযোগে কাজ করে থাকেন। |

| এসিইএস শিক্ষার্থীর প্রোফাইল<br>ASD নেস্ট | ASD শিক্ষার্থীর প্রোফাইল<br>ASD হরাইজন |
|---|---|
| এএসডি নেস্ট কর্মসূচিতে গৃহীত শিক্ষার্থীদের অবশ্যই নিচের শর্তগুলি পূরণ করতে হবে: | এএসডি হরাইজন কর্মসূচিতে গৃহীত শিক্ষার্থীদের অবশ্যই নিচের শর্তগুলি পূরণ করতে হবে: |
| **বর্গীকরণ** | **বর্গীকরণ** |
| শিক্ষার্থীদের অবশ্যই অটিজমের শিক্ষা প্রতিবন্ধিতারে বর্গ লাভ করার জন্য যোগ্য হতে হবে। | শিক্ষার্থীদের অবশ্যই অটিজমের শিক্ষা প্রতিবন্ধিতারে বর্গ লাভ করার জন্য যোগ্য হতে হবে। |
| **জ্ঞান/বুদ্ধি** | **জ্ঞান/বুদ্ধি** |
| ASD নেস্ট শিক্ষার্থীদের বুদ্ধি ধারাবাহিক উন্নতিসহ গড়পরতা থেকে গড়পরতার চেয়ে বেশি, যার অন্তর্গত বাচিক, অবাচিক সামর্থ্য, সক্রিয় স্মৃতি, ভাষা, এবং মনঃসংযোগ। | হরাইজন শিক্ষার্থীদের বুদ্ধি সাধারণত গড়পরতার নিচে থেকে গড়পরতা হয়ে থাকে, যেখানে শক্তি ও দুর্বলতার এলাকাগুলো পরিলক্ষিত হয়। |
| **সাফল্য** | **সাফল্য** |
| ASD নেস্ট শিক্ষার্থীদের অ্যাকাডেমিক দক্ষতা গ্রেড অথবা গ্রেড স্তরের ওপরে হয়ে থাকে। অপরের ন্যূনতম সাহায্য নিয়ে শিক্ষার্থীরা স্বাধীনভাবে এবং ক্ষুদ্র গ্রুপে কাজ করতে পারে। শিক্ষার্থীরা মানভিত্তিক মূল্যায়নে অংশগ্রহণ করে, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট (NYS) ম্যাথ ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) পরীক্ষা। শিক্ষার্থীর আইইপি অনুসারে সংস্থানের ব্যবস্থা করা হয়। | ASD হরাইজন শিক্ষার্থীদের cঅ্যাকাডেমিক দক্ষতা গ্রেডস্তর অথবা কাছাকাছি হয়ে থাকে। ABA নীতিমালার ভিত্তিতে শিক্ষার্থীরা নির্দেশনা থেকে লাভবান হতে এবং সামান্য সাহায্য নিয়ে এককভাবে কাজ করতে পারে। শিক্ষার্থীরা মানভিত্তিক মূল্যায়নে অংশগ্রহণ করে, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেট (NYS) ম্যাথ ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) পরীক্ষা। শিক্ষার্থীর আইইপি অনুসারে সংস্থানের ব্যবস্থা করা হয়। |
| **ভাষা/যোগাযোগ** | **ভাষা/যোগাযোগ** |
| ASD নেস্ট শিক্ষার্থীদের ভাষা দক্ষতা বয়সোচিত অথবা বয়সোচিত স্তরের কাছাকাছি হয়, ব্যতিক্রম সামাজিক ভাষা। এসব দক্ষতার মধ্যে আছে বিষয়ে মনঃসংযোগ থাকা, এবং সামাজিকভাবে উপযুক্ত অবাচিক ইঙ্গিত, সাড়া এবং মুখের অভিব্যক্তি। যেমন, ASD নেস্ট শিক্ষার্থীদের সমস্যা থাকতে পারে যার অন্তর্গত হতে পারে অস্বাভাবিক জবাব এবং/অথবা অন্যদের বক্তব্য এবং/অথবা আচরণ ভুল বোঝা। | ASD হরাইজন শিক্ষার্থীদের মৃদু থেকে সামান্য ভাষাগত সমস্যা থাকতে পারে। তাদের হয়ত নিজেদের প্রকাশে এবং অন্যরা কী বলছে তা বোঝার সমস্যা থাকতে পারে। তাদের সামাজিক ভাষা সমস্যাও থাকতে পারে। কিনডারগার্টেনে নবাগত শিক্ষার্থীরা কমপক্ষে ২-৩ শব্দ, অর্থপূর্ণ বাক্য বলতে পারে এবং বয়স্ক শিক্ষার্থীরা প্রয়োজন, চাহিদা প্রকাশে একাসাথে শব্দের পর শব্দ বলতে পারে, তবে সামাজিক পরিস্থিতিতে কার্যকরভাবে মনোভঅব প্রকাশ করার জন্য সাহায্য দরকার হয়। |
| **সামাজিক সক্রিয়তা** | **সামাজিক সক্রিয়তা** |
| ASD নেস্ট শিক্ষার্থীদের মৃদু থেকে মাঝারি আড়ষ্টতা থাকে। ASD নেস্ট শিক্ষার্থীরা সহপাঠী বা বড়দের সঙ্গে মিথস্ক্রিয়া এবং/অথবা খেলায়, রুটিন পরিবর্তনে এবং তাদের নিজেদের আবেগ ও আচরণের প্রতি লক্ষ ও নিয়ন্ত্রণ রাখায় বেগ পেতে পারে। | ASD হরাইজন শিক্ষার্থীদের অন্য শিক্ষার্থীদের সঙ্গে খেলা ও মিথস্ক্রিয়ায় মৃদু থেকে মাঝারি বিলম্ব হতে পারে। শিক্ষার্থীরা সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারে, তবে প্রায়ই নিজেরাই কাজ করতে পছন্দ করে। |
| **আচরণ** | **আচরণ** |
| ASD নেস্ট শিক্ষার্থীদের মৃদু আচরণগত চ্যালেঞ্জ থাকতে পারে, তবে শারীরিকভাবে আক্রমণাত্মক নয়, নিজের জন্য ক্ষতিকর আচরণে লিপ্ত হয় না, এবং " পলায়নপর আচরণ" দেখায় না, যেমন কর্মীদের দৌড়ে পালানো বা ক্লাসরুম বা স্কুল ভবন ত্যাগ করা। | ASD হরাইজন শিক্ষার্থীদের মৃদু থেকে সামান্য ভাষাগত সমস্যা থাকতে পারে। তারা শারীরিকভাবে আক্রমণাত্মক নয়, এবং নিজেদের ক্ষতিকর আচরণে লিপ্ত হয় না। ASD হরাইজন শিক্ষার্থীরা " পলায়নপর আচরণ" দেখায় না, যেমন কর্মীদের দৌড়ে পালানো বা ক্লাসরুম বা স্কুল ভবন ত্যাগ করা। |

## এএসডি কর্মসূচিতে ভর্তি প্রক্রিয়া

1. **আবেদনপত্র জমা:** আপনি যদি ASD নেস্ট অথবা ASD হরাইজন কর্মসূচির জন্য আবেদন করতে চান তাহলে আপনি যেকোন সময়ে আবেদন জমা দিতে পারেন।

   আপনার সন্তান যদি আগামী বছর কিনডারগার্টেনে প্রেশ করে, আমরা সেকথা আমাদেরকে যত তাড়াতাড়ি সম্ভব জানাতে অনুরোধ করছি। আপনার সন্তান যদি বর্তমানে গ্রেডে থাকে, তাহলে আবেদন পূরণ ও জমা দেওয়ার জন্য আপনার সন্তানের IEP টিমের সঙ্গে কাজ করুন। আবেদন প্রক্রিয়ার জন্য আবশ্যক সকল মূল্যায়ন আপনার IEP টিম সম্পূর্ণ করতে পারবে।

   - আবেদনপত্র পূরণ করা ও জমা দেওয়ার জন্য সরাসরি আপনার সন্তানের আইইপি টিমের সাথে কাজ করুন।
     - আপনার সন্তান যদি কিন্ডারগার্টেনে যায় তাহলে আপনার সন্তানের প্রিস্কুল বছর চলাকালে যত তাড়াতাড়ি সম্ভব ASD আবেদন জমা দিন।
     - কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের সাধারণ [কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়ায়] অংশগ্রহণ করা উচিত।
     - 1-12 গ্রেডে ASD আবেদন যেকোন সময়ে জমা দিন।

   - আপনি বা আপনার সন্তানের বর্তমান স্কুল সম্পন্নকৃত আবেদনপত্র পাঠাতে পারে:
     - ইমেইল: ASDPrograms@schools.nyc.gov (*বিশেষভাবে কাম্য*),
     - ফ্যাক্স: (718) 391-6887

   এএসডি কর্মসূচির আবেদনপত্র ডাউনলোড ও প্রিন্ট করার জন্য DOE ওয়েবসাইটের [স্পেশালাইজড প্রোগ্রামে] যান।

2. **আবেদনপত্র প্রাপ্তিস্বীকার:** আমরা আপনার আবেদনপত্র পাওয়ার পর আপনাকে চিঠি দিয়ে জানাবো যে আমরা এটি পেয়েছি। আবেদনপত্র জমা দেওয়ার পর আমরা আবেদনে প্রদত্ত তথ্য নিয়ে আলোচনা ও সম্ভাব্য প্রাসঙ্গিক প্রশ্ন করার জন্য আপনার সন্তানের আইইপি টিমের সাথে যোগাযোগ করব।

   - আপনি যদি আপনার আবেদনপত্র জমা দেওয়ার এক সপ্তাহের মাঝে সেন্ট্রাল ASD কর্মসূচি থেকে সাড়া না পান, তাহলে ASDPrograms@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ অথবা 718-391-6830 নম্বরে ফোন করুন।

3. **ASD কর্মসূচির জন্য প্রাথমিক মূল্যায়ন:** সেন্ট্রাল ASD কর্মসূচি টিম আপনার সন্তানের স্পেশাল এডুকেশন রেকর্ড পর্যালোচনা করে। আমরা দেখব আমাদের প্রয়োজনানুসারে পরীক্ষাগুলো হালনাগাদ এবং আপনার সন্তানের বৌদ্ধিক সামর্থ্য এবং সামাজিক, ভাষা, আচরণ, অ্যাকাডেমিক, এবং অভিযোজনযোগ্য দক্ষতাগুলোর সকল তথ্য প্রদান করে কিনা। এছাড়া, আমরা নিশ্চিত করি আপনার সন্তান তার আইইপি-তে অটিজমের শিক্ষা সম্পর্কিত বর্গিকরণের শর্ত পূরণ করে।

   - হালনাগাদ মূল্যায়ন যদি আপনার সন্তান সম্পর্কে সেন্ট্রাল এএসডি কর্মসূচি টিমের আরও তথ্য দরকার হয় বা মূল্যায়নগুলি হালনাগাদ না থাকে আমরা আপনার সম্মতি নিয়ে আবশ্যক আরেকটি অতিরিক্ত মূল্যায়ন করার জন্য আপনার সন্তানের আইইপি টিমকে বলব। আপনি আপনার অনুমতি চেয়ে DOE থেকে চিঠি পাবেন।

   - বাড়তি তথ্য: সেন্ট্রাল এএসডি কর্মসূচি টিম কর্তৃক পর্যালোচনার জন্য পরিবারবর্গ আরও মূল্যায়নের কাগজপত্র জমা দিতে পারেন। অন্যান্য তথ্য সংবলিত কাগজপত্র প্রিকে-5 এর জন্য এক বছরের বেশি এবং 6-12 গ্রেডের আবেদনকারীদের জন্য দুই বছরের বেশি পুরনো হওয়া চলবে না

4. **এএসডি কর্মসূচিতে ভর্তি প্রক্রিয়া ও টাইমলাইন:** যদি প্রাথমিক ইন্টারভিউর সময়ে প্রদত্ত তথ্যে প্রতীয়মান হয় যে আপনার সন্তান ASD নেস্ট অথবা হরাইজন কর্মসূচির যেকোন একটির জন্য উপযুক্ত হতে পারে, তাহলে সেন্ট্রাল ASD টিমের একজন সদস্য একটি পর্যবেক্ষণ-সূচি তৈরির জন্য আপনার এবং আপনার সন্তানের IEP টিমের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন। DOE, দরকার হলে, আরও মূল্যায়ন পরিচালনা করতে পারে, এবং সেজন্য আপনার সম্মতি গ্রহণ করবে। বিশেষভাবে, DOE ASD নেস্ট কর্মসূচির জন্য যোগ্য হতে পারে এমন ছেলেমেয়েদের জন্য অটিজম ডায়গনস্টিক অবজার্ভেশন স্কেজ্যুল (ADOS) ব্যবহার করে থাকে। আমরা এই মূল্যায়নের জন্য আপনার সম্মতি চাইব।

   প্রাথমিক ইন্টারভিউর পর সেন্ট্রাল এএসডি কর্মসূচি টিম আপনার সন্তানের এএসডি কর্মসূচিতে ভর্তির প্রক্রিয়ায় পরবর্তী ধাপগুলি নিয়ে আপনার সাথে যোগাযোগ করবে। যদি আপনার সন্তানের চিকিৎসাগত তথ্যে দেখা যায় যে সে:

   - একটি ASD কর্মসূচির জন্য ভালো প্রার্থী হতে পারে: তথ্য পর্যালোচনা ও প্রক্রিয়ার পরবর্তী ধাপগুলি নিয়ে আলোচনার জন্য আপনার এবং আপনার সন্তানের স্কুলের সাথে সেন্ট্রাল এএসডি কর্মসূচি টিমের একজন সদস্য যোগাযোগ করবেন।

   - ভর্তির শর্তপূরণ করে না: আপনার সন্তানের চাহিদা পূরণ করার জন্য আপনার সন্তানের আইইপি টিম যথাযথ বিশেষ শিক্ষা কর্মসূচি এবং/অথবা পরিষেবার সুপারিশ নিরূপণে আপনার সাথে কাজ করবে। আপনার সন্তান সম্পর্কে নতুন তথ্য পাওয়া গেলে আপনি পরবর্তী কোনো তারিখে একটি নতুন এএসডি কর্মসূচির আবেদনপত্র জমা দিতে পারেন।

5. **এএসডি কর্মসূচিতে ভর্তি সংক্রান্ত পর্যবেক্ষণ:** যদি প্রাথমিক পর্যালোচনায় দেখা যায় যে আপনার সন্তান যোগ্যতার শর্তাবলির কিছু অন্তত পূরণ করতে পারে, তাহলে অধিকাংশ ক্ষেত্রে প্রাথমিক ইন্টারভিউয়ের চার সপ্তাহর মধ্যে কোনও ASD কর্মসূচি স্কুল অথবা একজন ASD সেন্ট্রাল টিম সদস্য পর্যবেক্ষণের সূচি তৈরি করবেন। সেন্ট্রাল টিম আপনার সন্তানের পর্যবেক্ষণ রিপোর্ট এবং আপনার সন্তান ভর্তির শর্তাবলি পূরণ করে কিনা পর্যালোচনা করবে এবং যদি আসন থাকে তাহলে আমরা একটি ASD প্রোগ্রাম প্লেসমেন্টের প্রস্তাব দেবো। আপনি এবং আপনার সন্তানের বর্তমান স্কুল লিখিত পর্যবেক্ষণ রিপোর্টের কপি পাবে এবং ফলাফল নিয়ে আলোচনার জন্য সেন্ট্রাল এএসডি টিম আপনার সাথে যোগাযোগ করবে।

6. **ভর্তির সিদ্ধান্ত:** আপনার সন্তানের মনস্তাত্বিক মূল্যায়ন, অটিজম ডায়গনস্টিক টেস্টিং থেকে গৃহীত তথ্য ও উপাত্ত, পর্যবেক্ষণ এবং জমা দেওয়া অন্যান্য তথ্যে ভিত্তিতে ভর্তির সিদ্ধান্ত নেওয়া হয়। সেন্ট্রাল ASD কর্মসূচি টিম আপনার সন্তান ASD নেস্ট অথবা ASD হরাইজন কর্মসূচির শর্ত পূরণ করে কিনা সে বিষয়ে আপনার ও আপনার সন্তানের IEP টিমের সাথে আলোচনা করবেন। ASD কর্মসূচিতে একজন শিক্ষার্থীকে গ্রহণ করার পর তার স্কুলের IEP টিম সেন্ট্রাল ASD কর্মসূচি টিমের তত্বাবধানে আপনার সন্তানের IEP প্রণয়ন করবে।

7. **ASD কর্মসূচি প্রদর্শন:** আপনার সন্তান যদি একটি ASD কর্মসূচিতে গৃহীত হয়ে থাকে তাহলে আপনি যে স্কুলে এই কর্মসূচি রয়েছে সেটি পরিদর্শন করতে পারেন। যেহেতু সকল স্কুলে ASD কর্মসূচি নেই এবং আসন সংখ্যা সীমিত, শিক্ষার্থীদের আবেদন একটি নির্দিষ্ট স্কুলে যুক্ত করা হয়। আমরা নির্দিষ্ট কোনও স্কুলে স্থান দেওয়ার আবেদন গ্রহণ করতে সক্ষম নই। গৃহীত শিক্ষার্থীদের পরিবারবর্গকে স্কুল পরিদর্শন এবং স্কুলে ভর্তি করার জন্য প্রস্তাবিত স্কুলটি যোগাযোগ করবে।

## এএসডি কর্মসূচিতে গৃহীত শিক্ষার্থীদের জন্য তথ্য

নতুন গৃহীত শিক্ষার্থীদের পরিবারবর্গ আইইপি বৈঠকের পর একটি প্রায়র রিটেন নোটিস (PWN) এবং স্কুল লেকোশেন লেটার (SLL) পাবেন। SLL আপনার সন্তান কোন স্কুলে যাবে সেটা সুনির্দিষ্টভাবে উল্লেখ করবে। এসএলএল লাভ করার পর গৃহীত শিক্ষার্থীদের পরিবারবর্গকে যত তাড়াতাড়ি সম্ভব তাদের সন্তানকে স্কুলে ভর্তি করার জন্য কাগজপত্র আনতে হবে[1]। এএসডি কর্মসূচি স্কুলে যত তাড়াতাড়ি সম্ভব রেজিস্টার করা গুরুত্বপূর্ণ যাতে, আইইপিতে উল্লেখ থাকলে, পরিবহণের ব্যবস্থায় দেরি না হয়।

- **পরিবহণ:** স্পেশাল এডুকেশন ট্রান্সপোর্টেশন স্কুলে যাতায়াতের জন্য দেওয়া হয়। IEP সার্ভিস হিশেবে স্পেশাল এডুকেশন ট্রান্সপোর্টেশন পাওয়ার জন্য আপনার সন্তানের IEP টিমের সঙ্গে কাজ করুন। বিশেষ পরিবহণে সুবিধা, যেমন যাতায়াতে স্বল্প সময় অথবা তাপনিয়ন্ত্রিত যানবাহনের প্রয়োজনীয়তা অবশ্যই ডাক্তারের কাগজপত্র দ্বারা সমর্থিত হতে হবে।

- **এএসডি সামার কর্মসূচি:** ASD নেস্ট ও ASD হরাইজন কর্মসূচি সেপ্টেম্বর থেকে জুন অবধি দশমাসব্যাপী ডিস্ট্রিক্ট 1–32 স্কুল ক্যালেন্ডার অনুসরণ করে। NYC DOE কিন্ডারগার্টেন থেকে পঞ্চম গ্রেড, এবং যারা নবম গ্রেডে প্রবেশ করছে এমন শিক্ষার্থীদের জন্য অবধি বিকল্প সামার কর্মসূচি প্রদান করে। এই সামার কর্মসূচির লক্ষ্য অব্যাহত সামাজিক উন্নয়ন বৃদ্ধি করা।

একজন সেন্ট্রাল এএসডি টিম সদস্য আপনার সন্তানের আইইপি টিমের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবেন এবং আপনার সন্তানের আবেদনের বিষয়ে আপনার সাথে যোগাযোগ বজায় রাখবেন।